গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থার নাম: বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

**বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

**(ক) উদ্ভাবনী ধারণা:**

| ক্রম. | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম | আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কাপ্তাই হ্রদে ডেবা নার্সারির মাধ্যমে কার্প জাতীয় পোনা মাছ প্রতিপালন ও হ্রদে বিস্তারকরণ | অবমুক্তকৃত পোনার মৃত্যুহার বেশি এবং পোনা অবমুক্তকরণে অধিক খরচ হয়। শুষ্ক মৌসুম অর্থাৎ জানুয়ারি থেকে মার্চ মাসে হ্রদের পানি কমে গিয়ে বিভিন্ন জায়গায় ছোট ছোট নার্সারি পুকুরের মত জলাশয়ের সৃষ্টি হয়। সে সময়ে উক্ত স্থানে রেণু পোনা অবমুক্ত করে লালন পালন করা যায়। হ্রদের পানিতে রেণুগুলো লালন পালন করায় এগুলোর অভিযোজন ক্ষমতা অন্যান্য মাছের থেকে বেশি হবে। | আছে | হ্যাঁ | - | পোনার মৃত্যুহার হ্রাস পাবে এবং অভিযোজন ক্ষমতা বৃদ্ধি পাবে। |
| ০২ | কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থাপনা | কাপ্তাই লেকে উৎপাদিত মাছ স্বাস্থ্যসম্মতভাবে অবতরণ, মাছের আহরণোত্তর অপচয় রোধ ও রাজস্ব আদায়সহ যাবতীয় কার্যক্রম প্রধান কার্যালয় কর্তৃক সরেজমিনে পরিদর্শন ও তদারকি করতে হয়। এতে তদারকির দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। এছাড়া অনেক সময় কেন্দ্রের শতভাগ নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয় না। কাপ্তাই লেকে উৎপাদিত মাছ স্বাস্থ্যসম্মতভাবে অবতরণ ও মাছের আহরণোত্তর অপচয় রোধকল্পে রাঙ্গামাটি ইউনিটের আওতায় মোট ০৪টি অবতরণ কেন্দ্র রয়েছে। সিসি ক্যামেরার মাধ্যমে উক্ত কেন্দ্রের অবতরণ সংক্রান্ত কার্যক্রম প্রধান কার্যালয় থেকে মনিটরিং করার জন্য 'কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থাপনা' নামক উদ্ভাবনটি গ্রহণ করা হয়েছে। | আছে | হ্যাঁ | - | মোবাইলের মাধ্যমে ২৪ ঘন্টা তদারকি করার ফলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সহজ হয়। |
| ০৩ | ক্রিক নার্সারি | শুষ্ক মৌসুমে হ্রদের বিভিন্ন জায়গায় বাঁধ দিয়ে ছোট ছোট নার্সারি পুকুরের মত ক্রিক নার্সারি সৃষ্টি করা যায়। সে সময়ে উক্ত ক্রিকসমূহে রেণু পোনা অবমুক্ত করে লালন পালন করা যায়। লেকের পানি বৃদ্ধি পাওয়ার পূর্বেই রেণু বড় হয়ে পোনায় পরিণত হবে এবং হ্রদের পানি বৃদ্ধির সাথে সাথে পোনাগুলো হ্রদের পানির সাথে মিশে যাবে। হ্রদের পানিতে রেণুগুলো লালন পালন করায় এগুলোর অভিযোজন ক্ষমতা অন্যান্য মাছের থেকে বেশি হবে বলে। কাপ্তাই হ্রদে অবমুক্তির জন্য অধিক পরিমাণ পোনার সরবরাহ নিশ্চিত হবে। | আছে | হ্যাঁ | - | পোনা মাছ প্রাকৃতিক খাবার গ্রহণ করে দ্রুত বৃদ্ধি পাবে এবং দ্রুত অবমুক্ত করা সম্ভব হবে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | কাপ্তাই হ্রদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন | কাপ্তাই হ্রদে চিতল মাছের উৎপাদন বৃদ্ধি করার জন্য নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন করা হচ্ছে। চিতল মাছ দ্রুত বর্ধণশীল এবং টেকসই হওয়ায় এটি সহজেই উৎপাদন এবং হ্রদে অবমুক্ত করা সম্ভব হয়। চিতল মাছ অত্যন্ত টেকসই মাছ হওয়ায় এটি লেকের সাথে সহজেই খাপ খাইয়ে নিতে পারে। চিতল মাছের চাহিদাও অনেক বেশি এবং জনগণের পুষ্টির চাহিদা পূরণে ভূমিকা রাখে। চিতল মাছ রাক্ষুসে স্বভাবের হওয়ায় ছোট প্রজাতির মাছের আধিক্য নিয়ন্ত্রণে ভূমিকা রাখবে। | আছে | হ্যাঁ | - | চিতল মাছ দ্রুত বর্ধণশীল এবং পুষ্টির চাহিদা পূরণ হবে। |

## (খ) সহজিকৃত সেবা:

| ক্রম. | ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সেবাটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (MS Excel) এর ব্যবহার | বাজেট প্রণয়নের ক্ষেত্রে নির্ভুল হিসাব-নিকাশ অতীব জরুরী। ম্যানুয়াল পদ্ধতিতে বাজেট প্রণয়ন করলে অনেক ভুলভ্রান্তি থেকে যায়। এতে করে কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সংখ্যাগত ভুলভ্রান্তি এবং সময়ের অপচয় হয়। বাজেট প্রণয়নের ভুলভ্রান্তি থেকে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে MS Excel এ বাজেট প্রণয়ন শুরু করা হয়েছে। ফলে সীমিত সময়ে ত্রুটিমুক্ত বাজেট প্রণয়ন সম্ভব হচ্ছে। বর্তমানে কর্পোরেশনের বার্ষিক বাজেট প্রণয়নের ক্ষেত্রে যে পরিমাণ সময়, শ্রম ও ভোগান্তি/ভুলভ্রান্তি হয় তা থেকে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে MS Excel-এ বাজেট প্রণয়নের এ উদ্ভাবনী প্রচেষ্টা। | আছে | হ্যাঁ | - | MS Excel এ বাজেট প্রণয়নের ফলে ভুলভ্রান্তি এবং সময়ের অপচয় হ্রাস পায়। |
| ০২ | কাপ্তাই লেকে উৎপাদিত মাছ ডিজিটাল স্কেলে পরিমাপকরণ | অবতরণ কেন্দ্রে অবতরণকৃত মাছের সঠিক পরিমাণ নির্ণয় করা সম্ভব হয় না। মৎস্যজীবী/ মৎস্য ব্যবসায়ীরা কাপ্তাই লেকে মাছ পরিমাপের সেবা পেতে গিয়ে যে পরিমাণ সময়, শ্রম ও ভোগান্তি/দুর্ভোগের শিকার হয় তা থেকে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে ডিজিটাল স্কেলে সেবা প্রদানের এ উদ্ভাবনী প্রচেষ্টা। | আছে | হ্যাঁ | - | অবতরণকৃত মাছের পরিমাণ নির্ভুলভাবে এবং স্বল্পতম সময়ে পরিমাপ করা সম্ভব হয়। |
| ০৩ | কাপ্তাই লেকে মোবাইল মনিটরিং সেবা সহজীকরণ | কাপ্তাই লেকে মাছ আহরণ বন্ধকালীন বিভিন্ন প্রজাতির মাছ, মা মাছ ও মৎস্য অভয়াশ্রম (সারা বছর) এ অবৈধভাবে মাছ শিকার রোধের নিমিত্ত এ আইডিয়া গ্রহণ করা হয়েছে। | আছে | হ্যাঁ | - | মোবাইল মনিটরিং সেবা চালু করার ফলে অবৈধ মাছ শিকার এবং মা মাছসহ অভয়াশ্রমের মাছ শিকার হ্রাস পেয়েছে। |
| ০৪ | কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের গ্রাচ্যুইটি ও ছুটিনগদায়ন খাতে পাওনা অর্থ Online Payment System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ | চেকের মাধ্যমে পরিশোধের ক্ষেত্রে বিড়ম্বনা, সময় ও শ্রমের অপচয় ঘটে থাকে। Online Payment System এর মাধ্যমে প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে পরিশোধ নিশ্চিতকরণ ও অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে স্বশরীরে উপস্থিতি হ্রাসের মাধ্যমে দ্রুততম সময়ে উল্লিখিত সেবা প্রদানের লক্ষ্যে এ উদ্ভাবনী প্রচেষ্টা। | আছে | হ্যাঁ | - | দ্রুততম সময়ে প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে পরিশোধ নিশ্চিত হয় ও অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে স্বশরীরে উপস্থিতি হ্রাস পায়। |

## (গ) ডিজিটাইজকৃত সেবা:

| ক্রম. | ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজকৃত সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সেবাটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অনলাইনে নিরাপদ মাছ বিক্রয় কার্যক্রম | কর্মব্যস্ত জীবনে বাজারে গিয়ে মাছ ক্রয়ে অর্থ, সময় ও শ্রমের অপচয় ঘটে থাকে। বর্তমানে কর্মব্যস্ত জনগোষ্ঠি বাজারে গিয়ে মাছ ক্রয় করতে যে পরিমাণ সময়, অর্থ ও শ্রম ব্যয় করেন তা থেকে পরিত্রাণ প্রদানের লক্ষ্যে অর্থাৎ ঘরে বসে অনলাইনের মাধ্যমে নিরাপদ সতেজ মাছ ক্রয়ের সেবা প্রদানের নিমিত্ত এ উদ্ভাবনী প্রচেষ্টা। | আছে | হ্যাঁ | bfdconlinefish .com | ভোক্তাগণ ঘরে বসেই অনলাইনের মাধ্যমে নিরাপদ সতেজ মাছ ক্রয়ের সুবিধা পেয়ে থাকে। |
| ০২ | অনলাইনের মাধ্যমে মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ | চট্টগ্রাম মৎস্য বন্দর কেন্দ্রের ফিশ প্রসেসিং কারখানায় মাছ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণের জন্য নন-প্যাকার (যাদের নিজস্ব মৎস্য প্রক্রিয়াকরণ প্লান্ট নাই) হিসেবে প্রাইভেট প্রতিষ্ঠান/ব্যক্তি নিবন্ধন করে। নিবন্ধিকরণ প্রক্রিয়াটি ম্যানুয়ালি করা হয় বিধায় অনেক সময়ক্ষেপণ হয়। এতে অনেক পার্টি যথাসময়ে মাছ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ করতে পারেন না। নন-প্যাকার হিসেবে উল্লিখিত কেন্দ্রে তালিকাভুক্ত হওয়ার জন্য অনলাইন আবেদন প্রক্রিয়া চালু করে এই সেক্টরে নতুন নতুন মৎস্য উদ্যোক্তা তৈরি হবে। ফলে অতি অল্প সময়ে তালিকাভুক্ত হয়ে মাছ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ করে স্থানীয় বাজারে মাছ সরবরাহসহ বিদেশে মাছ রপ্তানী করে বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের জিডিপিতে অবদান রাখতে পারবে। | আছে | হ্যাঁ | ctgfishharbour .com | কেন্দ্রের প্রসেসিং কারখানায় অবকাঠামো ও ধারন ক্ষমতা অনুযায়ী নন-প্যাকার তালিকাভুক্ত করা যাবে। এতে কেন্দ্রের রাজস্ব আয় বাড়বে, বৈদেশিক মুদ্রা অর্জন এবং নতুন মৎস্য উদ্যোক্তা তৈরি হবে। |